D:\DIPAK\G-Keeper.doc

**বাংলাদেশ কৃষি ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২**

**প্রশাসন পরিপত্র নং -২০/২০১৬** তারিখ ঃ ২৬-১২-২০১৬ খ্রিঃ

**বিষয় ঃ ঋণ গ্রহীতাদের ঋণ হিসাবের বিপরীতে নিয়োজিত গোডাউন কিপার ও গোডাউন চৌকিদারদের মজুরীহার পুনঃনির্ধারণ প্রসংগে।**

ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ০৭-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত ৩৮২ তম সভায় ব্যাংকের ঋণ গ্রহীতাদের নিয়মিত ঋণ হিসাব ও চালু প্রকল্পে প্লেজে মালামাল রক্ষিত থাকার শর্তে প্রকল্পে অস্থায়ীভাবে নিয়োজিত গোডাউন কিপার ও গোডাউন চৌকিদারদের মাসিক সাকুল্য মজুরীহার নিম্নবর্ণিতভাবে পুনঃনির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

| পদবী | বর্তমান মাসিক মজুরী | পুনঃ নির্ধারিত মাসিক মজুরী |
|---|---|---|
| গোডাউন কিপার | ৭,৭৫০/- | ১১,০০০/- |
| গোডাউন চৌকিদার | ৬,৮৫০/- | ১০,০০০/- |

০২। ব্যাংকের ঋণ গ্রহীতাদের ঋণ হিসাবের বিপরীতে অস্থায়ীভাবে নিয়োজিত গোডাউন কিপার ও গোডাউন চৌকিদারদের মজুরী বাবদ খরচকৃত টাকা ঋণ গ্রহীতাদের সম্মতিক্রমে সংশ্লিষ্ট ঋণ হিসাব বিয়োজনের মাধ্যমে প্রদানযোগ্য হবে। তবে প্রদত্ত অর্থ যথানিয়মে ঋণগ্রহীতাদের নিকট থেকে আদায় নিশ্চিত করতে হবে।

০৩। পুনঃনির্ধারিত মজুরীহার পরিপত্র জারীর তারিখ হতে কার্যকর হবে।

০৪। এতদসংক্রান্ত পূর্ববর্তী পরিপত্রসমূহে বর্ণিত অন্যান্য বিষয়াবলী অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে

২৬/১২/২০১৬

( মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-২/৭৫(২)/২০১৬-২০১৭/ ২০০৬(১২৫০) তারিখ ঃ ২৬-১২-২০১৬ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক (১/২/৩) মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বিকেবি/অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **(প্রশাসন পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।**
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৯। নথি/মহানথি।

২৬/১২/২০১৬

( কে. এম. ইউসুফ হারুন )
সহকারী মহাব্যবস্থাপক